গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা),
৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

# প্রত্যয়ন পত্র

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, বস্ত্র অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ৪.১.১ অনুযায়ী ২য় ত্রৈমাসিকে (অক্টোবর/২৩-ডিসেম্বর/২৩) ডি-নথিতে ৮৬.৫৮% নোট নিষ্পত্তি হয়েছে যা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২০.০১.২০২৪.
সুব্রত কুমার ঘোষ
সহকারী পরিচালক (কারিগরি)
ও
ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

চীফ ইনোভেশন অফিসার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃঃ আঃ মোঃ আমিনুল ইসলাম, প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-২৪.০২.০০০০.০০১. ১৬.০০২.১৯.২৮

তারিখ: ২৬পৌষ, ১৪৩০ বঙ্গাঃ
১০জানুয়ারি, ২০২৪ খ্রিঃ

বস্ত্র অধিদপ্তরের ই- গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচক ৪.১ অনুযায়ী ই-ফাইলে নথি নিষ্পত্তির বিবরণ নিম্নে ছক আকারে দেয়া হলো:

| ক্র: নং | মাস | নিষ্পত্তিকৃত নথি | | | ডি-নথিতে নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|
| | | ডি-ফাইল | হার্ড ফাইল | মোট | |
| ০১ | অক্টোবর/২০২৩ | ৫২৬ | ৭২ | ৫৯৮ | ৮৭.৯৬% |
| ০২ | নভেম্বর/২০২৩ | ৫১৮ | ৯২ | ৬১০ | ৮৪.৯১% |
| ০৩ | ডিসেম্বর/২০২৩ | ৩৭০ | ৫৫ | ৪২৫ | ৮৭.০৫% |
| **সর্বমোট** | | ১৪১৪ | ২১৯ | ১৬৩৩ | **৮৬.৫৮%** |

১০/০১/২০২৪
(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী পরিচালক (প্রশাসন)

ফোকাল পয়েন্ট
ই- গর্ভন্যান্স ও উদ্ভাবন কমিটি
বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

**বিষয়ঃ অক্টোবর,২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মো: নূরুজ্জামান, মহাপরিচালক
সভার তারিখ ও সময় : ১৮অক্টোবর, ২০২৩, সকাল: ১০:৩০ ঘটিকা
সভার স্থান : বস্ত্র অধিদপ্তরের সভাকক্ষ

২.০০। সভায় উপস্থিতি পরিশিষ্ঠ -"ক"

২.০১। সভায় বস্ত্র অধিদপ্তরের কর্মরত, পরিচালকগণ, উপপরিচালক/সমমান (সকল), সহকারী পরিচালক/ সমমান (সকল) এবং সমন্বয় সভার সাথে সংশ্লিষ্ট কর্মচারীগণ।

২.০২। উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। প্রাতিষ্ঠানিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে সমন্বয় সভার গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়। আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন) কে অনুরোধ করা হয়। অত:পর নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

৩.০০। আলোচ্যসূচী (ক): পূর্ববর্তী সভার কার্যবিবরনী নিশ্চিতকরণ।

৩.০১। উপপরিচালক (প্রশাসন) গত সভার কার্যবিবরনীতে কোন সংশোধন বা সংযোজন-বিয়োজন প্রস্তাব থাকলে তা পেশ করার জন্য অনুরোধ করেন। সভায় উপস্থিত কেউ কোনো সংশোধনী প্রস্তাব না দেওয়ায় কার্যবিবরনীটি সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরন করা হয়।

৪.০০। আলোচ্যসূচী (খ): পোষক কর্তৃপক্ষের আবেদন নিষ্পত্তি:

৪.০১। পোষক কর্তৃপক্ষের প্রাপ্ত আবেদন যথাসময়ে সিটিজেন চার্টার অনুযায়ী নিষ্পত্তি করা হচ্ছে কিনা উপপরিচালক(প্রশাসন) কর্তৃক সে বিষয়ে উপস্থাপন করা হলে, ওয়ানস্টপে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, গত আগস্ট /২৩ মাসের জের ছিল ৩৬টি, সেপ্টেম্বর/২৩ মাসের প্রাপ্তি ২১৪টি, মোট প্রাপ্তি ২৫৭ টি, নিষ্পত্তি ২২১টি এবং অনিষ্পন্ন রয়েছে ৩৬টি।

৪.২। সিদ্ধান্ত (খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর লক্ষমাত্রা অনুযায়ী বস্ত্রশিল্প নিবন্ধনের আবেদন নিষ্পত্তির হার ৯০% রাখতে হবে। যন্ত্রপাতী ছাড়করণের আবেদন নিষ্পত্তির হার ৯৮% রাখতে হবে। অন্যান্য সেবা (নিবন্ধন ও যন্ত্রপাতী ছাড় ব্যতীত) এর নিষ্পত্তির হার ৮৮% রাখতে হবে।

৫.০০ আলোচ্যসূচী (গ):বস্ত্র শিক্ষা

৫.০১। বস্ত্র শিক্ষা সংক্রান্ত আলোচনায় পরিচালক (শিক্ষা) জানান যে ,২০২২-২৩ শিক্ষাবর্ষে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি পরীক্ষা ২২/০৭/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। গত ১০/০৮/২৩ তারিখ পর্যন্ত মেধাতালিকায় যোগ্য প্রার্থীগণ ভর্তি হয়েছে। পরবর্তীতে আসন শূণ্য থাকায় ১০/০৯/২০২৩ তারিখে ৩য় মেধাতালিকা প্রকাশ করা হয়েছে। ১২/০৯/২৩ থেকে ১৪/০৯/২৩ পর্যন্ত ৩য় মেধাতালিকার ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

৫.০২। সিদ্ধান্ত (গ): ২০২২-২৩ শিক্ষাবর্ষে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী অপেক্ষমান তালিকায় রয়েছে যথানিয়মে ভর্তির ব্যবস্থা করতে হবে।

৬.০০। আলোচ্যসূচী (ঘ):শূন্যপদ পূরণ:

৬.০১। গত ২৬/০৮/২০২৩ তারিখে ৩য় ও ৪র্থ শ্রেণীর ১৮৩ টি পদের মধ্যে ১ম ধাপে ৩টি ক্যাটাগরিতে ৮৮ টি পদের (টেইলার মাস্টার ৬টি টেকনিক্যাল এ্যাসিসটেন্ট ৫৬টি ও ল্যাব এ্যাসিসটেন্ট ২৬ টি ) লিখিত পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে এবং উক্ত পদগুলোর মৌখিক পরীক্ষা ২৭/০৯/২০২৩ থেকে ১৫/১০/২০২৩ তারিখ পর্যন্ত গ্রহন করা হবে।

৬.০২। সিদ্ধান্ত (ঘ): প্রথম ধাপের মৌখিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।

৭.০০ আলোচ্যসূচী (ঙ): বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):

৭.০১। ০১। এপিএ এর ফোকালপয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ মাহফুজুর রহমান, উপপরিচালক (অর্থ) জানান, বস্ত্র অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের এপিএ তে গুরুত্বপূর্ণ কিছু কর্মসম্পাদন সূচক ও লক্ষ্যমাত্রা সংশোধন হয়েছে। তান্মধ্যে গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক [২.৫.১] অনুযায়ী সরেজমিন পরিবীক্ষণের সংখ্যা ৬০ টির পরিবর্তে ৪৫ টি এবং কর্মসম্পাদন সূচক [৩.৩.১] অনুযায়ী পূর্বে ০১টি বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম চালুর পরিবর্তে ০২টি বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম চালু হবে মর্মে সংশোধন করা হয়েছে।

৭.০২। সিদ্ধান্ত (ঙ): বস্ত্র অধিদপ্তর এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মধ্যে সম্পাদিত ২০২৩-২৪ অর্থ বছরের এপিএ সংশোধনী প্রস্তাব এপিএ ক্যালেন্ডার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৮.০০। আলোচ্যসূচী (চ): সুশাসন সংক্রান্ত কার্যক্রম

৮.০১। আলোচনা (চ.১) জিআরএস: ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়নের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরের সাথে এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের জিআরএস কর্মপরিকল্পনার অংশ হিসেবে ২৯/০৮/২০২৩ তারিখে ০১টি কর্মশালা আয়োজন করা হয়েছে।

৮.০২। সিদ্ধান্ত (চ.১): ২০২৩-২৪ অর্থবছরের জিআরএস কর্মপরিকল্পনা সামনে রেখে নির্ধারিত সময়ে সকল টার্গেট অর্জন করতে হবে।

৮.০৩। আলোচনা (চ.২): এনআইএস : ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়নের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরের সাথে এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের এনআইএস কর্মপরিকল্পনার অংশ হিসেবে ২৪/০৮/২০২৩ তারিখে ০১টি কর্মশালা আয়োজন করা হয়েছে।

৮.৪। সিদ্ধান্ত(চ.২): ২০২৩-২৪ অর্থবছরের এনআইএস কর্মপরিকল্পনার সামনে রেখে নির্ধারিত সময়ে সকল টার্গেট অর্জন করতে হবে।

৮.০৫। আলোচনা (চ.৩): সিটিজেন চার্টার ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়নের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরের সাথে এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের সিটিজেন চার্টার কর্মপরিকল্পনার অংশ হিসেবে ৩০/০৮/২০২৩ তারিখে ০১টি কর্মশালা আয়োজন করা হয়েছে।

৮.০৬। সিদ্ধান্ত (চ.৩): ২০২৩-২৪ অর্থবছরের সিটিজেন চার্টার কর্মপরিকল্পনার সামনে রেখে নির্ধারিত সময়ে সকল টার্গেট অর্জন করতে হবে।

৮.০৭। আলোচনা (চ.৪) :তথ্য অধিকারঃ ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়নের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরের সাথে এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের তথ্য অধিকার কর্মপরিকল্পনার অংশ হিসেবে ২৮/০৮/২৩ তারিখে ০১টি কর্মশালা আয়োজন করা হয়েছে।

৮.০৮। সিদ্ধান্ত (চ.৪): ২০২৩-২৪ অর্থবছরের তথ্য অধিকার কর্মপরিকল্পনার সামনে রেখে নির্ধারিত সময়ে সকল টার্গেট অর্জন করতে হবে।

৮.০৯। আলোচনা (চ.৫)ই-গভর্নেন্স ও ইনোভেশনঃ ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়নের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরের সাথে এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের ইনোভেশন কর্মপরিকল্পনার অংশ হিসেবে ১০/০৮/২০২৩ তারিখে ০১টি কর্মশালা আয়োজন করা হয়েছে।

৮.১০। সিদ্ধান্ত (চ.৫): ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও ইনোভেশন কর্মপরিকল্পনার সামনে রেখে নির্ধারিত সময়ে সকল টার্গেট অর্জন করতে হবে।

৯.০০। আলোচ্যসূচী (ছ): মামলা ও অডিটঃ

৯.০১। আলোচনা (ছ.১)মামলাঃ উপপরিচালক(প্রশাসন) কর্তৃক মামলা বিষয়ে উপস্থাপন করা হলে,দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ইব্রাহিম আলী জানায় বস্ত্র অধিদপ্তরে ১৫ টি মামলা চলমান রয়েছে। এর মধ্যে ১১ টি মামলা হাইকোর্ট ডিভিশনে শুনানির জন্য চলমান রয়েছে এবং ৪টি মামলা সরকারের বিপক্ষে হাইকোর্ট ডিভিশনে রায় হয়েছে। সরকারের বিপক্ষে রায় হওয়া ৪টি মামলার আপীল বিভাগে চলমান রয়েছে।

৯.০২। সিদ্ধান্ত (ছ.১): চলমান মামলাসমূহ Cause List এ আসার ব্যাপারে সতর্ক থাকতে হবে এবং মামলার শুনানী/রায়/আপীলের বিষয়ে সতর্ক থাকতে হবে।

৯.০৩। আলোচনা (ছ.২)অডিটঃ বস্ত্র অধিদপ্তরের অডিট আপত্তিসমূহের নিষ্পত্তি কার্যক্রম চলমান রয়েছে। মহাপরিচালক মহোদয়ের মৌখিক সম্মতির আলোকে ১৮/০৯/২০২৩ তারিখে দুপুর ১২.০০টায় একটি সভার আয়োজন করা হয়েছে।

৯.০৪। সিদ্ধান্ত(ছ.২) : বস্ত্র অধিদপ্তরের অডিট আপত্তিসমূহের নিষ্পত্তি কার্যক্রম গ্রহণ করতে হবে। আগামী সভার পূর্বেই সকল অডিট আপত্তিগুলি শ্রেণীবিন্যাস করে সংশ্লিষ্ট তথ্যাদিসহ কর্তৃপক্ষের নিকটে উপস্থাপন করে দিক নির্দেশনা চাইতে হবে। প্রয়োজনে একটি সভা করার ব্যবস্থা নিতে হবে।

১০.০০। আলোচ্যসূচী (জ): স্মার্ট বাংলাদেশ:

১০.১। স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা সমূহ মধ্যে স্বল্পমেয়াদী কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে দুটি কর্মশালা আয়োজন করতে হবে।

১০.০২। সিদ্ধান্ত (জ): স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা সমূহ মধ্যে স্বল্পমেয়াদী কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে অক্টোবর/২৩ মাসের প্রথম সপ্তাহে একটা কর্মশালার আয়েজন করতে হবে।

১১.০০। আলোচ্যসূচী (ঝ): স্মার্ট বাংলাদেশ পরিদর্শন

১১.০১। আলোচনা (ঝ.১) বস্ত্র শিল্প প্রতিষ্ঠান: উপপরিচালক(প্রশাসন) কর্তৃক পরিদর্শনের বিষয়ে উপস্থাপন করা হলে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ২০২৩-২৪ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কে সামনে রেখে বস্ত্র শিল্প প্রতিষ্ঠান ৫১৫ টি, বায়িং হাউজ ৩৪০টি, ইটিপি ১৫টি পরিদর্শনের লক্ষ্যমাত্রা রয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

১১.০২। আলোচনা (ঝ.২)বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠা: উপপরিচালক(প্রশাসন) কর্তৃক পরিদর্শনের বিষয়ে উপস্থাপন করা হলে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ২০২৩-২৪ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কে সামনে রেখে শিক্ষা প্রতিষ্ঠান সরেজমিনে পরিবীক্ষণের জন্য ৩০ (ত্রিশ) টি ও অন লাইনে পরিবীক্ষণের জন্য ৬০ (ষাট) টি লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

১১.০৩। সিদ্ধান্ত (ঝ.১ ও ঝ.২): ২০২৩-২৪ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কে সামনে রেখে বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠান ও শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম অব্যহত রাখতে হবে।

১২.০০।আলোচ্যসূচী:ডি-নথি:

১২.০১। সহকারী পরিচালক (প্রশাসন) মোঃ দেলোয়ার হোসেন সভাকে জানান যে , বস্ত্র অধিদপ্তরে সেপ্টেম্বর/২৩ মাসে ডি-নথিতে প্রাপ্তি ৪৪২ টি, হার্ড নথিতে প্রাপ্তি ৫৭ টি, মোট প্রাপ্তি ৪৯৯ টি এবং ডি- নথি নিষ্পত্তির হার ৮৮.৫৮%।

১২.০২। সিদ্ধান্ত (ঞ): বস্ত্র অধিদপ্তরের ই- গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচক ৪.১ অনুযায়ী ডি-ফাইলে নথি নিষ্পত্তির হার নূন্যতম ৮০% অব্যহত রাখতে হবে।

৪। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলের সুস্বাস্থ্য কামনা ও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:
(মো: নূরুজ্জামান)
মহাপরিচালক

স্মারক নম্বর- ২৪.০২.০০০০.০০১.০৬.০০৯.২২- ১১২১

তারিখ : ১০ আশ্বিন ১৪৩০
২৬ অক্টোম্বর ২০২৩

**বিতরণ: অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. পরিচালক (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
২. উপপরিচালক/সমমান (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৩. সহকারী পরিচালক/ সমমান (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৪. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৫. প্রোগ্রামার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

২৬/১০/২০২৩
(মো: আব্দুর রহমান)
উপপরিচালক(প্রশাসন)(অ:দা:)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

**বিষয়ঃ নভেম্বর, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ নূরুজ্জামান, মহাপরিচালক |
| সভার তারিখ ও সময় | : ১২ নভেম্বর, ২০২৩, সকাল: ১০:৩০ ঘটিকা |
| সভার স্থান | : বস্ত্র অধিদপ্তরের সভাকক্ষ। |

২.০০। সভায় উপস্থিতি পরিশিষ্ঠ -"ক"

২.০১। সভায় বস্ত্র অধিদপ্তরে কর্মরত, পরিচালকগণ, উপপরিচালক/সমমান (সকল), সহকারী পরিচালক/ সমমান (সকল) এবং সমন্বয় সভার সাথে সংশ্লিষ্ট কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

২.০২। উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। প্রাতিষ্ঠানিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে সমন্বয় সভার গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়। আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন) কে অনুরোধ করা হয়। অত:পর নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

৩.০০। আলোচ্যসূচী (ক): পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

৩.০১। উপপরিচালক (প্রশাসন) সভায় উপস্থিত সকলকে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন বা সংযোজন-বিয়োজন প্রস্তাব থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। সভায় উপস্থিত কেউ কোনো সংশোধনী প্রস্তাব না দেওয়ায় কার্যবিবরণী টি সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হয়।

৪.০০। আলোচ্যসূচী (খ): পোষক কর্তৃপক্ষের আবেদন নিষ্পত্তি

৪.০১। পোষক কর্তৃপক্ষের প্রাপ্ত আবেদন যথাসময়ে সিটিজেন চার্টার অনুযায়ী নিষ্পত্তি করা হচ্ছে কিনা উপপরিচালক(প্রশাসন) কর্তৃক সে বিষয়ে উপস্থাপন করা হলে, ওয়ানস্টপে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, গত সেপ্টেম্বর/২৩ মাসের জের ছিল ৩৬টি, অক্টোবর /২৩ মাসের প্রাপ্তি ২৫৩, মোট প্রাপ্তি ২৮৯ টি, অক্টোবর/২৩ মাসে নিষ্পত্তি ২৪৯টি এবং অনিষ্পন্ন রয়েছে ৪০টি।

৪.২। সিদ্ধান্ত (খ): সমন্বয় সভার কার্যপত্রে বাস্তবায়ন অগ্রগতি কলামে নিষ্পন্নের হার ও অনিষ্পন্ন আবেদনের সংখ্যা উল্লেখ করতে হবে। পোষক সংক্রান্ত প্রতি শাখার প্রাপ্তি - নিষ্পত্তির তথ্য সমন্বয় করে ওয়ানস্টপ সার্ভিস শাখা থেকে যে সমন্বিত প্রাপ্তি নিষ্পত্তির ছক করা হয় তাতে অনিষ্পন্নের কলাম যুক্ত করতে হবে।

৫.০০।আলোচ্যসূচী:(গ) ডি-নথি

৫.০১। সহকারী পরিচালক (প্রশাসন) মোঃ দেলোয়ার হোসেন সভাকে জানান যে, অক্টোবর/২৩ মাসে ডি-নথিতে নিষ্পত্তি ৫২৬টি, হার্ড ফাইলে নিষ্পত্তি ৭২টি, মোট নিষ্পত্তি ৫৯৮টি এবং ডি-নথিতে নিষ্পত্তির হার ৮৭.৯৬%।

৫.০২। সিদ্ধান্ত (গ) : ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও ইনোভেশন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ৪.১ অনুযায়ী ডি-ফাইলে নথি নিষ্পত্তির হার নূন্যতম ৮০% অব্যাহত রাখতে হবে।

৬.০০ আলোচ্যসূচী (ঘ): বস্ত্র শিক্ষা

৬.০১। ২০২২-২৩ শিক্ষাবর্ষে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী অপেক্ষমান তালিকায় রয়েছে তাদের মধ্য থেকে আসন শূন্য থাকায় ৬ষ্ঠ মেধাতালিকায় ৩১ জন শিক্ষার্থী ভর্তির জন্য সুপারিশ করা হয়েছে। ভর্তির কার্যক্রম ১৪/১১/২০২৩ থেকে ১৬/১১/২০২৩ তারিখ পর্যন্ত চলমান থাকবে মর্মে পরিচালক (শিক্ষা) সভাকে অবহিত করেন।

৬.০২। সিদ্ধান্ত (ঘ): ২০২২-২৩ শিক্ষাবর্ষে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে যে সকল পরীক্ষার্থী অপেক্ষমান তালিকায় রয়েছে তাদের মধ্য থেকে আসন শূন্য থাকায় ৬ষ্ঠ মেধাতালিকা ৩১ জন শিক্ষার্থী ভর্তি করতঃ সকল আসন পূর্ণ করতে হবে।

৭.০০। আলোচ্যসূচী (ঙ): শূন্যপদ পূরণ

৭.০১। সভায় পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে , বস্ত্র অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির ০৩ ক্যাটাগরির ৮৮টি পদের মধ্যে ১ম ধাপের মৌখিক পরীক্ষা গত ১৫/১০/২০২৩ তারিখে সুষ্ঠুভাবে শেষ হয়েছে। ২য় ধাপের লিখিত পরীক্ষাগ্রহণের জন্য ২০২৩-২৪ অর্থবছরে বরাদ্দকৃত বাজেটের অতিরিক্ত চাহিত বাজেট অর্থ মন্ত্রণালয় থেকে পাওয়া গেছে। প্রাপ্ত বাজেট চাহিদার চেয়ে কম হওয়ায় পুনরায় বরাদ্দ চেয়ে অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।

৭.০২। সিদ্ধান্ত (ঙ): ২য় ধাপের লিখিত পরীক্ষা গ্রহণের জন্য বরাদ্দকৃত বাজেটের যে অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে সেটা চেয়ে অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিবেচনা করে ২য় ধাপের লিখিত পরীক্ষা সম্পন্ন করতে হবে।

৮.০০ আলোচ্যসূচী (চ): বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)

৮.০১। এপিএ এর ফোকালপয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ মাহফুজুর রহমান, উপপরিচালক (অর্থ) জানান, বস্ত্র অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের এপিএ তে গুরুত্বপূর্ণ কিছু কর্মসম্পাদন সূচক ও লক্ষ্যমাত্রা সংশোধন হয়েছে। তান্মধ্যে গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক [২.৫.১] অনুযায়ী সরেজমিন পরিবীক্ষণের সংখ্যা ৬০ টির পরিবর্তে ৪৫ টি এবং কর্মসম্পাদন সূচক [৩.৩.১] অনুযায়ী পূর্বে ০১টি বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম চালুর পরিবর্তে ০২টি বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম চালু হবে মর্মে সংশোধন করা হয়েছে।

৮.০২। সিদ্ধান্ত (চ.১): ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর কর্মসম্পাদন সূচক [২.৫.১] এবং [৩.৩.১] এর সংশোধিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে। অন্যান্য সূচকের লক্ষ্যমাত্রাও যথাসময়ে অর্জনের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

৮.০৩। ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর কর্মসম্পাদন সূচক [১.২.১] অনুযায়ী নিবন্ধনকৃত বস্ত্র শিল্পের তালিকা, বস্ত্র আমদানি, উৎপাদন ও রপ্তানির তথ্যসহ অন্যান্য তথ্য সংবলিত সংকলন/পুস্তিকা হালনাগাদ করণের লক্ষ্যমাত্রা ৩১/১২/২০২৩ তারিখ নির্ধারিত রয়েছে মর্মে এপিএ ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন।

৮.০৪। সিদ্ধান্ত (চ.২): ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কর্মসম্পাদন সূচক [১.২.১] অনুযায়ী সংকলন হালনাগাদ করণের লক্ষ্যমাত্রা ৩১/১২/২০২৩ তারিখের মধ্যে নির্ধারণ থাকায় নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জনাব আব্দুস সালাম , উপপরিচালক (বাস্তবায়ন) কে নির্দেশনা প্রদান করা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল শাখা প্রয়োজনীয় প্রমাণক সময়মতো সরবরাহ করবে।

৯.০০। আলোচ্যসূচী (ছ): সুশাসন সংক্রান্ত কার্যক্রম

৯.০১। আলোচনা (ছ.১) জিআরএস: ২০২৩-২৪ অর্থবছরের জিআরএস কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক সন্তোষজনক অগ্রগতি হয়েছে এবং প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে৷ ২য় ত্রৈমাসিক অগ্রগতি কার্যক্রম চলমান রয়েছে।

৯.০২। সিদ্ধান্ত (ছ.১): ২০২৩-২৪ অর্থবছরের এপিএ চুক্তি সামনে রেখে নির্ধারিত সময়ে সকল টার্গেট অর্জন করতে হবে।

৯.০৩। আলোচনা (ছ.২): এনআইএস: আগামী ২০/১১/২০২৩ তারিখে স্টেকহোল্ডারদের নিয়ে একটি সভা করতে হবে মর্মে এনআইএস ফোকাল্টপয়েন্ট সভাকে অবহিত করেন। এছাড়া ২০২৩-২৪ অর্থবছরের ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্য সম্পাদন করতে হবে মর্মে জানান।

৯.৪। সিদ্ধান্ত(ছ.২): বর্তমান অবস্থা চলমান থাকলে অংশীজন সভা প্রয়োজনে জুমে করতে হবে। ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্য সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট শাখাকে পত্র প্রদান করতে হবে।।

৯.০৫। আলোচনা (ছ.৩): সিটিজেন চার্টার : বস্ত্র অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনার অনুযায়ী গত ১১/১০/২০২৩ তারিখ সকাল ১১ ঘটিকায় ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরনের নিমিত্ত মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয় এবং একই দিন দুপুর ২:৩০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে দপ্তর/সংস্থার ফোকালপয়েন্টগনের সমন্বয়ে আরও একটি সভা অনুষ্ঠিত হয়।

৯.০৬। সিদ্ধান্ত (ছ.৩): ২০২৩-২৪ অর্থবছরের সিটিজেন চার্টার চুক্তি সামনে রেখে নির্ধারিত সময়ে সকল টার্গেট অর্জন করতে হবে।

৯.০৭। আলোচনা (ছ.৪) :তথ্য অধিকারঃ ২০২৩-২৪ অর্থবছরের তথ্য অধিকার কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক সন্তোষজনক অগ্রগতি হয়েছে এবং প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২য় ত্রৈমাসিক অগ্রগতি কার্যক্রম চলমান রয়েছে।

৯.০৮। সিদ্ধান্ত (ছ.৪): ২০২৩-২৪ অর্থবছরের তথ্য অধিকার কর্মপরিকল্পনার চুক্তি সামনে রেখে নির্ধারিত সময়ে সকল টার্গেট অর্জন করতে হবে।

৯.০৯। আলোচনা (ছ.৫): ই-গভর্নেন্স ও ইনোভেশনঃ ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা এর লক্ষ্যমাত্রাগুলোর বিষয়ে ফোকালপয়েন্ট জনাব সুব্রত কুমার ঘোষ সভায় উপস্থাপন করেন। ই-গভর্নেন্স ও ইনোভেশন এর লক্ষ্যমাত্রা ৩.১.১ অনুযায়ী বস্ত্র অধিদপ্তরের আওতাধীন দপ্তর/প্রতিষ্ঠানের সমন্বয়ে ইনোভেশন শোকেজিং আয়োজনের লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানকে পত্র দেওয়া হয়েছে মর্মে তিনি জানান। আগামী ১৫/১/২০২৪ তারিখের মধ্যে নূন্যতম একটি শোকেজিং আয়োজন করে মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণের নির্দেশনা দেওয়া হয়েছে৷

৯.১০। সিদ্ধান্ত (ছ.৫): আগামী ১৫/০১/২০২৩ তারিখের মধ্যে মাঠ পর্যায়ের প্রধানদের সমন্বয়ে ইনোভেশন শোকেজিং আয়োজনের বিষয়টি নিশ্চিত করতে হবে।

১০.০০। আলোচ্যসূচী (জ): মামলা ও অডিটঃ

১০.০১। আলোচনা (জ.১)মামলাঃ সহকারী পরিচালক (আইন) এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জনাব ইব্রাহীম আলী জানান যে, উচ্চ আদালতে বস্ত্র অধিদপ্তরের ১৫ টি মামলা চলমান আছে। এর মধ্যে হাইকোট বিভাগে ১১টি রিট মামলা এবং আপিল বিভাগে ৪টি আপিল মামলা চলমান ।

১০.০২। সিদ্ধান্ত (জ.১): চলমান মামলাসমূহ Cause List এ আসার ব্যাপারে সতর্ক থাকতে হবে এবং সরকারের পক্ষে মামলাসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত আইনজীবীর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।

১০.০৩। আলোচনা (জ.২):অডিট উপপরিচালক (অর্থ) জানান বস্ত্র অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বরিশাল টেক্সটাইল ইনস্টিটিউটকে শহীদ আব্দুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে উন্নীতকরণ শীর্ষক প্রকল্পের ০৫টি, শহীদ আব্দুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইনস্টিটিউট,গৌরনদী ,বরিশাল স্থাপন শীর্ষক প্রকল্পের ০৫টি, টেক্সটাইল ইনস্টিটিউট,চট্টগ্রাম এর ০১টি ও শেখ রেহানা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে গোপালগঞ্জ স্থাপন শীর্ষক প্রকল্পের ০৯টি সহ সর্বমোট ২০টি অনিষ্পন্ন অগ্রিম অনুচ্ছেদ নিষ্পত্তিকল্পে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের উপসচিব (অডিট) জনাব মো: মিজানুর রহমান এর সভাপতিত্বে ১৩/১১/২০২৩ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় বস্ত্র অধিদপ্তর প্রধান কার্যালয়ের সভাকক্ষে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হবে।

১০.০৪। সিদ্ধান্ত (জ.২): বস্ত্র অধিদপ্তর প্রধান কার্যালয়, প্রকল্প অফিস কার্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় কার্যক্রম জোরদার করতে হবে।

১১.০০। আলোচ্যসূচী (ঝ): স্মার্ট বাংলাদেশ:

১১.১। প্রোগ্রামার কাজী শাহাদাত হোসেন সভাকে জানান যে, স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরাধীন কলেজ ও ইনস্টিটিউট সমূহকে নিয়ে ২৫/১০/২০২৩ এবং ২৬/১০/২০২৩ তারিখে কর্মশালা আয়োজন করা হয়েছে। স্মার্ট বাংলাদেশ কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হচ্ছে।

১১.০২। সিদ্ধান্ত (ঝ): বিভাগীয় কার্যালয় ও টিভিআই সমূহকে নিয়ে কর্মশালা আয়োজন করতে হবে।

১২.০০। আলোচ্যসূচী (ঞ): পরিদর্শন

১২.০১। আলোচনা (ঞ.১): বস্ত্র শিল্প প্রতিষ্ঠান: ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিকে সামনে রেখে বস্ত্র শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন সম্পন্ন হচ্ছে কিনা এ বিষয়ে মহাপরিচালক মহোদয় জানতে চাইলে ওয়ানস্টপ সার্ভিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জানান অক্টোবর/২৩ মাসে বস্ত্র শিল্প প্রতিষ্ঠানের মোট পরিদর্শন সংখ্যা ১১৯টি। যার মধ্যে বস্ত্র শিল্প কারখানা পরিদর্শন হয়েছে ৫৪ টি, বায়িং হাউজ ৬৪টি, ইটিপি ০১টি।

১২.০২। আলোচনা (ঞ.২): বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠান: ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিকে সামনে রেখে শিক্ষা প্রতিষ্ঠান সরেজমিনে পরিবীক্ষণের জন্য ৩০ (ত্রিশ) টি ও অন লাইনে পরিবীক্ষণের জন্য ৪৫ (পঁয়তাল্লিশ) টি লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে মর্মে উপপরিচালক (অর্থ) ও এপিএ ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন।

১২.০৩। সিদ্ধান্ত (ঞ.১ ও ঞ.২): ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিকে সামনে রেখে বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠান ও শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

১৩। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলের সুস্বাস্থ্য কামনা করে ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/১১/২০২৩
(মো: নূরুজ্জামান)
মহাপরিচালক

স্মারক নম্বর- ২৪.০২.০০০০.০০১.০৬.০০৯.২২-২২৫৯

তারিখ : ০৭ অগ্রহায়ণ ১৪৩০ / ২২ নভেম্বর ২০২৩

**বিতরণ: অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. পরিচালক (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
২. উপপরিচালক/সমমান (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৩. প্রোগ্রামার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৪. সহকারী পরিচালক/ সমমান (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৬. পরিচালক (সকল), মহোদয়ের ব্যক্তিগত সহকারি, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৭. অফিস কপি/ মাস্টার ফাইল

২২/১১/২০২৩
(মো: আব্দুর রহমান)
উপপরিচালক(প্রশাসন) (অ:দা:)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র অধিদপ্তর

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বিটিএমসি ভবন (১০ম তলা)

৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.dot.gov.bd

**বিষয়ঃ ডিসেম্বর, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ নূরুজ্জামান, মহাপরিচালক |
| সভার তারিখ ও সময় | : ১৮ ডিসেম্বর, ২০২৩, দুপুর: ২:৩০ ঘটিকা |
| সভার স্থান | : বস্ত্র অধিদপ্তরের সভাকক্ষ। |

২.০০। সভায় উপস্থিতি পরিশিষ্ঠ -"ক"

২.০১। সভায় বস্ত্র অধিদপ্তরে কর্মরত, পরিচালকগণ, উপপরিচালক/সমমান (সকল), সহকারী পরিচালক/ সমমান (সকল) এবং সমন্বয় সভার সাথে সংশ্লিষ্ট কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

২.০২। উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। প্রাতিষ্ঠানিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে সমন্বয় সভার গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়। জাতীয় সংসদ সচিবালয় মন্ত্রিপরিষদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সকল অধিশাখা হতে আগত পত্রসমূহ গুরুত্বসহকারে সঠিক সময়ের মধ্যে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন) কে অনুরোধ করা হয়। অত:পর নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

৩.০০। আলোচ্যসূচী (ক): পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

৩.০১। উপপরিচালক (প্রশাসন) সভায় উপস্থিত সকলকে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন বা সংযোজন-বিয়োজন প্রস্তাব থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। সভায় উপস্থিত কেউ কোনো সংশোধনী প্রস্তাব না পাওয়ায় কার্যবিবরণী টি সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হয়।

৪.০০। আলোচ্যসূচী (খ): পোষক কর্তৃপক্ষের আবেদন নিষ্পত্তি

৪.০১। পোষক কর্তৃপক্ষের প্রাপ্ত আবেদন যথাসময়ে সিটিজেন চার্টার অনুযায়ী নিষ্পত্তি করা হচ্ছে কিনা উপপরিচালক (প্রশাসন) কর্তৃক সে বিষয়ে উপস্থাপন করা হলে, ওয়ানস্টপে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মৃত্যুঞ্জয় কুমার মহন্ত জানান যে, গত অক্টোবর/২৩ মাসের জের ছিল ৪০টি, নভেম্বর/২৩ মাসের প্রাপ্তি ২৩০টি, মোট প্রাপ্তি ২৭০টি, নভেম্বর/২৩ মাসে নিষ্পত্তি ২৩৫টি, অনিষ্পন্ন রয়েছে ৩৫টি এবং নিষ্পত্তির হার ৮৭.০৩% (বর্তমান মাসের প্রাপ্তিকে বেজ ধরে শতকরা হিসাব করা হয়েছে)।

৪.২। সিদ্ধান্ত (খ): সিটিজেন চার্টারে নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ নিষ্পত্তি করতে হবে। কোন মাসে নিষ্পত্তির হার ১০০% এর অধিক হলে প্রতিবেদনে তার ব্যাখ্যা উল্লেখ করতে হবে।

৫.০০। আলোচ্যসূচী:(গ) ডি-নথি

৫.০১। সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোঃ দেলোয়ার হোসেন সভাকে জানান যে, নভেম্বর/২৩ মাসে ডি-নথিতে নিষ্পত্তি ৫১৮টি, হার্ড ফাইলে নিষ্পত্তি ৯২টি, মোট নিষ্পত্তি ৬১০টি এবং ডি-নথিতে নিষ্পত্তির হার ৮৪.৯২%।

৫.০২। সিদ্ধান্ত (গ): ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও ইনোভেশন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ৪.১ অনুযায়ী ডি-ফাইলে নথি নিষ্পত্তির হার নূন্যতম ৮০% অব্যাহত রাখতে হবে।

চলমান পাতা/২

৬.০০। আলোচ্যসূচী (ঘ): বস্ত্র শিক্ষা

৬.০১। ২০২২-২৩ শিক্ষাবর্ষে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি পরীক্ষায় ১৪টি আসন ফাঁকা রয়েছে যা উপপরিচালক (শিক্ষা) সভাকে অবহিত করেন।

৬.০২। সিদ্ধান্ত (ঘ): ২০২২-২৩ শিক্ষাবর্ষে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে যে সকল পরীক্ষার্থী অপেক্ষমান তালিকায় রয়েছে তাদের মধ্য থেকে আসন শূন্য থাকায় আরও একটি অপেক্ষমান তালিকা প্রস্তুত করতঃ শূণ্য আসনসমূহ পূরণ করতে হবে।

৭.০০। আলোচ্যসূচী (ঙ): শূন্যপদ পূরণ

৭.০১। সভায় পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, বস্ত্র অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির ০৩ ক্যাটাগরির ৮৮টি পদের মধ্যে ১ম ধাপের মৌখিক পরীক্ষা গত ১৫/১০/২০২৩ তারিখে সুষ্ঠুভাবে শেষ হয়েছে। ২য় ধাপের লিখিত পরীক্ষাগ্রহণের জন্য ২০২৩-২৪ অর্থবছরে বরাদ্দকৃত বাজেটের অতিরিক্ত চাহিত বাজেট অর্থ মন্ত্রণালয় থেকে পাওয়া গেছে। প্রাপ্ত বাজেট চাহিদার চেয়ে কম হওয়ায় পুনরায় বরাদ্দ চেয়ে অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হবে।

৭.০২। সিদ্ধান্ত (ঙ): ২য় ধাপের লিখিত পরীক্ষা গ্রহণের জন্য বরাদ্দকৃত বাজেটের যে অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে সেটা চেয়ে অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। দেশের চলমান আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিবেচনা করে ২য় ধাপের লিখিত পরীক্ষা সম্পন্ন করতে হবে।

৮.০০। আলোচ্যসূচী (চ): বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)

৮.০১। এপিএ এর ফোকালপয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ মাহফুজুর রহমান, উপপরিচালক (অর্থ) জানান, বস্ত্র অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের এপিএ তে গুরুত্বপূর্ণ কিছু কর্মসম্পাদন সূচক ও লক্ষ্যমাত্রা সংশোধন হয়েছে। তান্মধ্যে গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক [২.৫.১] অনুযায়ী সরেজমিন পরিবীক্ষণের সংখ্যা ৬০ টির পরিবর্তে ৪৫ টি এবং কর্মসম্পাদন সূচক [৩.৩.১] অনুযায়ী পূর্বে ০১টি বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম চালুর পরিবর্তে ০২টি বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম চালু হবে মর্মে সংশোধন করা হয়েছে।

৮.০২। সিদ্ধান্ত (চ.১): ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর কর্মসম্পাদন সূচক [২.৫.১] এবং [৩.৩.১] এর সংশোধিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে। অন্যান্য সূচকের লক্ষ্যমাত্রাও যথাসময়ে অর্জনের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

৮.০৩। ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর কর্মসম্পাদন সূচক [১.২.১] অনুযায়ী নিবন্ধনকৃত বস্ত্র শিল্পের তালিকা, বস্ত্র আমদানি, উৎপাদন ও রপ্তানির তথ্যসহ অন্যান্য তথ্য সংবলিত সংকলন/পুস্তিকা হালনাগাদ করণের লক্ষ্যমাত্রা ৩১/১২/২০২৩ তারিখ নির্ধারিত রয়েছে মর্মে এপিএ ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন।

৮.০৪। সিদ্ধান্ত (চ.২): ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কর্মসম্পাদন সূচক [১.২.১] অনুযায়ী সংকলন হালনাগাদ করণের লক্ষ্যমাত্রা ৩১/১২/২০২৩ তারিখের মধ্যে নির্ধারণ থাকায় নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জনাব আব্দুস সালাম, উপপরিচালক (বাস্তবায়ন) কে নির্দেশনা প্রদান করা হয়। তিনি নির্ধারিত সময় ৩১/১২/২০২৩ তারিখের পূর্বেই প্রমাণক ওয়েবসাইটে আপলোড করবেন।

চলমান পাতা/৩

৯.০০। <u>আলোচ্যসূচী (ছ): সুশাসন সংক্রান্ত কার্যক্রম</u>

৯.০১। <u>আলোচনা (ছ.১) জিআরএস:</u> ২০২৩-২৪ অর্থবছরের জিআরএস কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক সন্তোষজনক অগ্রগতি হয়েছে এবং প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২য় ত্রৈমাসিক অগ্রগতি কার্যক্রম হিসাবে আগামী ২১/১২/২০২৩ তারিখ স্টেকহোল্ডার সভা এবং একটি ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন করা হবে।

৯.০২। <u>সিদ্ধান্ত (ছ.১)</u>: অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর সকল কর্মসম্পাদন সুচক সময়মত বাস্তবায়ন করতে হবে।

৯.০৩। <u>আলোচনা (ছ.২): এনআইএস</u>: আগামী ৩১/১২/২০২৩ তারিখের মধ্যে স্টেকহোল্ডারদের নিয়ে একটি সভা করতে হবে মর্মে এনআইএস ফোকাল্টপয়েন্ট প্রোগ্রামার কাজী শাহাদাত হোসেন সভাকে অবহিত করেন।

৯.৪। <u>সিদ্ধান্ত(ছ.২)</u>: ২৮/১২/২০২৩ তারিখে জেলা বস্ত্র অধিদপ্তর, নারায়নগঞ্জ কার্যালয়ে বস্ত্র সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে সভা আয়োজন করা হবে।

৯.০৫। <u>আলোচনা (ছ.৩): সিটিজেন চার্টার :</u> বস্ত্র অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনার অনুযায়ী গত ১১/১০/২০২৩ তারিখ সকাল ১১ ঘটিকায় ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরনের নিমিত্ত মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয় এবং একই দিন দুপুর ২:৩০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে দপ্তর/সংস্থার ফোকালপয়েন্টগনের সমন্বয়ে আরও একটি সভা অনুষ্ঠিত হয়।

৯.০৬। <u>সিদ্ধান্ত (ছ.৩)</u>: ২০২৩-২৪ অর্থবছরের সিটিজেন চার্টার চুক্তি সামনে রেখে নির্ধারিত সময়ে সকল টার্গেট অর্জন করতে হবে। ২য় ত্রৈমাসিক অগ্রগতি বস্ত্র ও পাট মন্ত্রণালেয়ে প্রেরণ করতে হবে এবং অগ্রগতি প্রমাণক বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করতে হবে।

৯.০৭। <u>আলোচনা (ছ.৪) :তথ্য অধিকারঃ</u> তথ্য অধিকার কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। বিশেষত ৩১/১২/২০২৩ তারিখের মধ্যে স্বঃপ্রণোদিত তথ্যের তালিকা হালনাগাদ এবং ওয়েবসাইটে যাবতীয় তথ্য হালনাগাদের বিষয়ে তাগিদ প্রদান করা হয়।

৯.০৮। <u>সিদ্ধান্ত (ছ.৪)</u>: তথ্য অধিকার কর্মপরিকল্পনা অনুযায়ী যাবতীয় কার্যক্রম চলমান রয়েছে। ৩১/১২/২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটের তথ্য হালনাগাদ করা হবে এবং স্বঃপ্রণোদিত তথ্যের তালিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৯.০৯। <u>আলোচনা (ছ.৫): ই-গভর্নেন্স ও ইনোভেশনঃ</u> ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা এর লক্ষ্যমাত্রাগুলোর বিষয়ে ফোকালপয়েন্ট জনাব সুব্রত কুমার ঘোষ সভায় উপস্থাপন করেন। ই-গভর্নেন্স ও ইনোভেশন এর লক্ষ্যমাত্রা ৩.১.১ অনুযায়ী বস্ত্র অধিদপ্তরের আওতাধীন দপ্তর/প্রতিষ্ঠানের সমন্বয়ে ইনোভেশন শোকেজিং আয়োজনের লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানকে পত্র দেওয়া হয়েছে মর্মে তিনি জানান। আগামী ১৫/১/২০২৪ তারিখের মধ্যে নূন্যতম একটি শোকেজিং আয়োজন করে মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণের নির্দেশনা দেওয়া হয়েছে।

৯.১০। <u>সিদ্ধান্ত (ছ.৫)</u>: আগামী ১৫/০১/২০২৪ তারিখের মধ্যে মাঠ পর্যায়ের সকল প্রতিষ্ঠানে ইনোভেশন শোকেজিং আয়োজনের বিষয়ে মনিটরিং এর সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা/৪

১০.০০। আলোচ্যসূচী (জ): মামলা ও অডিটঃ

১০.০১। আলোচনা (জ.১) মামলাঃ সহকারী পরিচালক (আইন) এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জনাব ইব্রাহীম আলী জানান যে, উচ্চ আদালতে বস্ত্র অধিদপ্তরের ১৫ টি মামলা চলমান আছে। এর মধ্যে হাইকোট বিভাগে ১১টি রিট মামলা এবং আপিল বিভাগে ৪টি আপিল মামলা চলমান।

১০.০২। সিদ্ধান্ত (জ.১): চলমান মামলাসমূহ Cause List এ আসার ব্যাপারে সতর্ক থাকতে হবে এবং সরকারের পক্ষে মামলাসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত আইনজীবীর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। কোন মামলা কনটেম্পট না হয় সে দিকে লক্ষ্য রাখতে হবে।

১০.০৩। আলোচনা (জ.২): অডিটঃ উপপরিচালক (অর্থ) জনাব মোঃ মাহফুজুর রহমান জানান, বস্ত্র অধিদপ্তরের বর্তমান অনিস্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৯৬টি। যার মধ্যে সাধারণ ৪৩টি ও অগ্রীম ৫৩টি। ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের অডিট সম্পন্ন হয়েছে কিন্তু AIR Report এখনও জারি হয়নি।

১০.০৪। সিদ্ধান্ত (জ.২): ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের অডিট বিষয়ক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখেতে হবে। AMMS 2.0 এর মাধ্যমে ব্রডশীট ও পুনঃব্রডশীট জবাব প্রেরণ করতে হবে।

১১.০০। আলোচ্যসূচী (ঝ): স্মার্ট বাংলাদেশ:

১১.০১। প্রোগ্রামার কাজী শাহাদাত হোসেন সভাকে জানান যে, স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরাধীন কলেজ ও ইনস্টিটিউট সমূহকে নিয়ে ২৫/১০/২০২৩ এবং ২৬/১০/২০২৩ তারিখে কর্মশালা আয়োজন করা হয়েছে। স্মার্ট বাংলাদেশ কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হচ্ছে।

১১.০২। সিদ্ধান্ত (ঝ): বিভাগীয় কার্যালয় ও টিভিআই সমূহকে নিয়ে কর্মশালাটি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পরে আয়োজন করা হবে।

১২.০০। আলোচ্যসূচী (ঞ): পরিদর্শন

১২.০১। আলোচনা (ঞ.১): বস্ত্র শিল্প প্রতিষ্ঠান: ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিকে সামনে রেখে বস্ত্র শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন সম্পন্ন হচ্ছে কিনা এ বিষয়ে মহাপরিচালক মহোদয় জানতে চাইলে ওয়ানস্টপ সার্ভিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জনাব মৃত্যুঞ্জয় কুমার মহন্ত জানান নভেম্বর/২৩ মাসে বস্ত্র শিল্প প্রতিষ্ঠানের মোট পরিদর্শন সংখ্যা ১১৬টি। যার মধ্যে বস্ত্র শিল্প কারখানা পরিদর্শন হয়েছে ৫৪ টি, বায়িং হাউজ ৬১টি, ইটিপি ০১টি।

১২.০২। আলোচনা (ঞ.২): বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠান: ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিকে সামনে রেখে শিক্ষা প্রতিষ্ঠান সরেজমিনে পরিবীক্ষণের জন্য ৩০ (ত্রিশ) টি ও অনলাইনে পরিবীক্ষণের জন্য ৪৫ (পঁয়তাল্লিশ) টি লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে মর্মে উপপরিচালক (অর্থ) ও এপিএ ফোকাল পয়েন্ট জনাব মোঃ মাহফুজুর রহমান সভাকে অবহিত করেন। সে মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হচ্ছে।

১২.০৩। সিদ্ধান্ত (ঞ.১ ও ঞ.২): ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিকে সামনে রেখে বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠান ও শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

১৩। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলের সুস্বাস্থ্য কামনা করে ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
০১.১২.২০২৩
(মোঃ নুরুজ্জামান)
মহাপরিচালক

চলমান পাতা/৫

স্মারক নম্বর- ২৪.০২.০০০০.০০১.০৬.০০৯.২২-০৪

তারিখ : ১৭ পৌষ ১৪৩০
০১ জানুয়ারি ২০২৪

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. পরিচালক (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

২. উপপরিচালক/সমমান (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

৩. প্রোগ্রামার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

৪. সহকারী পরিচালক/ সমমান (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

৬. পরিচালক (সকল), মহোদয়ের ব্যক্তিগত সহকারি, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

৭. অফিস কপি/ মাস্টার ফাইল।

০১/০১/২০২৪
(মোঃ আব্দুর রহমান)
উপপরিচালক(প্রশাসন) (অ:দা:)।

| "বস্ত্র অধিদপ্তর"এর ডি-নথি কার্যক্রমের রিপোর্ট (০১ অক্টোবর ২০২৩ - ৩১ ডিসেম্বর ২০২৩) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| শাখা | তৈরিকৃত নথির সংখ্যা | মোট নথি নিষ্পত্তিকৃত | | | | মোট পত্রজারি |
| | | ডাক নোটে নিষ্পত্তি (ক) | নোটে নিষ্পত্তি (খ) | পত্রজারিতে নিষ্পন্ন নোট (গ) | মোট (ক+খ+গ) | |
| মহাপরিচালকের দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| উপ-পরিচালক (প্রশাসন) এর দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| সহকারী পরিচালক (প্রশাসন) | ১২ | ৩৮ | ৬৬ | ৪৭ | ১৫১ | ১২৯ |
| সহকারী পরিচালক (বাজেট ও হিসাব) | ৩৯ | ১৬ | ৫৫ | ১৭ | ৮৮ | ৫৭ |
| সহকারী পরিচালক (ক্রয় ও সংগ্রহ) | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| সমন্বয়কারী | ২ | ০ | ২ | ৫ | ৭ | ৮ |
| উপ-পরিচালক (জরিপ ও পরিসংখ্যান) এর দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরিসংখ্যান কর্মকর্তা | ১ | ০ | ০ | ০ | ০ | ০ |
| সহকারী পরিচালক (জরিপ) | ০ | ০ | ০ | ৪ | ৪ | ৫ |
| উপ-পরিচালক (পরিকল্পনা) এর দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| সহকারী পরিচালক (পরিকল্পনা) | ১৬ | ০ | ২২ | ৮ | ৩০ | ২৯ |
| সহকারী পরিচালক (বিনিয়োগ) | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| উপ-পরিচালক (বাস্তবায়ন) এর দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| সহকারী পরিচালক (বাস্তবায়ন) | ২৩৭ | ০ | ৩০৩ | ১৫২ | ৪৫৫ | ৪৫১ |
| সহকারী পরিচালক (মূল্যায়ন) | ২৭ | ০ | ১৯ | ৩৫ | ৫৪ | ৫৮ |
| উপ-পরিচালক (রপ্তানি) এর দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| সহকারী পরিচালক (আমদানি) | ১৫ | ০ | ২০ | ৮ | ২৮ | ২০ |
| সহকারী পরিচালক (রপ্তানি) | ৬০ | ০ | ৪৭ | ২৬ | ৭৩ | ৬৩ |
| উপ-পরিচালক (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ) এর দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| সহকারী পরিচালক (টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট) | ৩৪ | ১ | ২৭ | ১১ | ৩৯ | ৫৪ |

| "বস্ত্র অধিদপ্তর"এর ডি-নথি কার্যক্রমের রিপোর্ট (০১ অক্টোবর ২০২৩ - ৩১ ডিসেম্বর ২০২৩) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **শাখা** | **তৈরিকৃত নথির সংখ্যা** | **মোট নথি নিষ্পত্তিকৃত** | | | | **মোট পত্রজারি** |
| | | **ডাক নোটে নিষ্পত্তি (ক)** | **নোটে নিষ্পত্তি (খ)** | **পত্রজারিতে নিষ্পন্ন নোট (গ)** | **মোট (ক+খ+গ)** | |
| সহকারী পরিচালক (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ) | ৭৫ | ০ | ৯১ | ৬৫ | ১৫৬ | ১৬২ |
| সহকারী পরিচালক (টেক্সটাইল ইন্সটিটিউট) | ১০ | ০ | ০ | ১ | ১ | ১ |
| পুর্ত কোষ- প্রকৌশলী (সিভিল) এর দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| উপ পরিচালক (অর্থ) এর দপ্তর | ৫ | ১ | ১৮ | ৪ | ২৩ | ২৮ |
| হিসাব রক্ষণ কর্মকর্তা | ০ | ০ | ০ | ০ | ০ | ২ |
| পরিচালক (বস্ত্র) এর দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরিচালক (শিক্ষা) এর দপ্তর | ৯ | ০ | ৩৭ | ৯ | ৪৬ | ৫০ |
| উপ পরিচালক (টেক্সটাইল ডিপ্লোমা ও ভোকেশনাল ইনস্টিটিউট) এর দপ্তর | ২১ | ০ | ২২ | ১০ | ৩২ | ৪৯ |
| পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| উপ পরিচালক (উন্নয়ন) এর দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পুর্ত কোষ-নির্বাহী প্রকৌশলী এর দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| সহকারী পরিচালক (আইন) | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| সহকারী পরিচালক (উন্নয়ন) | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ | ৪ | ০ | ৩ | ৪ | ৭ | ৮ |
| ওয়ানস্টপ সার্ভিস সেন্টার | ১৩৯ | ০ | ১৩৫ | ৯৯ | ২৩৪ | ২৩৯ |
| **অফিসঃ বস্ত্র অধিদপ্তর** | **৭০৬** | **৫৬** | **৮৬৭** | **৫০৫** | **১৪২৮** | **১৪১৩** |

| নথি ব্যবহারের শতকরা হার মূল্যায়ন প্রতিবেদন- [০১ অক্টোবর ২০২৩ - ৩১ ডিসেম্বর ২০২৩] | | | |
|---|---|---|---|
| **অফিসের নাম** | **নথিতে নিষ্পত্তিকৃত নোট (সিস্টেম থেকে প্রাপ্ত)** | **হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নোট (হার্ড ফাইলের সংখ্যা)** | **নথিতে নিষ্পত্তিকৃত নথির হার (%)** |
| বস্ত্র অধিদপ্তর | ১৪২৮ | ২১৯ | ৮৬.৭০% |